

একই নম্বর ও তারিখের আদেশের স্থলাভিষিক্ত হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

২৭ চৈত্র, ১৪২৫

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৩.২০১৩-২৬৫

তারিখঃ _____

১০.০৪.২০১৯

আদেশ

যেহেতু, ডাঃ মোহাম্মদ মাহফুজ মিয়া (১০১৪৪৪৫), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মহেশখালী, কক্সবাজার (প্রাক্তন সহকারী সার্জন, লুটেরচর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, মেঘনা, কুমিল্লা) এর গত ০১.১২.২০১৩ হতে ১১.১০.২০১৭ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি ছিলেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'ডিজারশন' (বর্তমানে যথা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন') এর দায়ে ২৩.০১.২০১৮ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.০০৩.২০১৩-৩৬ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানী সন্তোষজনক না হওয়ায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত মর্মে মতামত জ্ঞাপন করেন;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দস্ত পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ মোহাম্মদ মাহফুজ মিয়া (১০১৪৪৪৫), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মহেশখালী, কক্সবাজার (প্রাক্তন সহকারী সার্জন, লুটেরচর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, মেঘনা, কুমিল্লা) এর সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব বিবেচনায় উক্ত বিধিমালা ৪(২)(খ) বিধি অনুযায়ী তার বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০৩ বছরের জন্য স্থগিত করার লঘু দস্ত আরোপ করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। তার গত ০১.১২.২০১৩ হতে ১১.১০.২০১৭ তারিখ পর্যন্ত কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির সময়কাল বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-

তারিখঃ ১০/০৪/২০১৯

(মোঃ আসাদুল ইসলাম)


সচিব

তারিখঃ ১০.০৪.২০১৯

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৩.২০১৩-২৬৫/১(১০)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিটে সংরক্ষণ করার জন্য)।
- ৩। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]
- ৫। সিভিল সার্জন, কক্সবাজার।
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মহেশখালী, কক্সবাজার।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৮। সিনিয়র ভূখ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। ডাঃ মোহাম্মদ মাহফুজ মিয়া (১০১৪৪৪৫), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মহেশখালী, কক্সবাজার।
(স্থায়ী ঠিকানাঃ গ্রাম-মোহাম্মদপুর, পোঃ মির্জানগর, উপজেলা-মেঘনা, জেলা- কুমিল্লা)।
- ১০। অফিস কপি।


(মোঃ আবদুছ সালাম)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮